গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
রাজস্ব শাখা
www.sylhet.gov.bd

নম্বর : ০৫.৪৬.৯১০০.০০৮.৫২.০০৮.২৫. ১৮০৭

তারিখ: ৩২ আষাঢ় ১৪৩৩ / ২০ জুলাই ২০২৬

১৪৩৩ বঙ্গাব্দে বালুমহাল ইজারা প্রদানের পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪৩৩ বঙ্গাব্দের ১ম থেকে ৬ষ্ঠ পর্যায়ে বালুমহাল ইজারা প্রদানের পর সিলেট জেলার অবশিষ্ট ০৫(পাঁচ)টি বালুমহাল ১৪৩৩ বঙ্গাব্দের দখল প্রদানের তারিখ হতে ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ (সংশোধন ২০২৩) ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ১৬-০২-২০২৬ তারিখের ০৫.৪৬.০০০০.০০০.০০৬.৯৯.০০০২.২৫.৯৬ নম্বর স্মারকের অনুমোদনের আলোকে নিম্নরূপ শর্তাবলি অনুযায়ী উন্মুক্ত পদ্ধতিতে সাধারণ বালু উত্তোলনের জন্য সিলেট জেলার বালুমহাল ইজারা দরপত্রে অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে দরপত্র/দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

০২। বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে প্রতি দরপত্রের জন্য ১,০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ জমা প্রদান করে (১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, (২) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এবং (৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট থেকে দরপত্র ফরম ক্রয় করা যাবে। দরপত্র ফরম ক্রয়ের সময় সিলেট জেলার বালুমহাল ইজারা দরপত্রে অংশগ্রহণের জন্য নতুন তালিকাভুক্তি সনদ/নবায়নকৃত তালিকাভুক্তি সনদের প্রমাণক প্রদর্শন করতে হবে। অন্যথায় দরপত্র ফরম সরবরাহ করা হবে না। দরপত্র দাতাকে তালিকাভুক্তি সনদের প্রমাণক অবশ্যই দরপত্রের সাথে জমা দিতে হবে।

ক) দরপত্র নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর রাজস্ব শাখা, এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেটে রক্ষিত দরপত্র বক্সে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী সকাল ০৯:০০ টা হতে দুপুর ১২:০০ টা পর্যন্ত জমা প্রদান করা যাবে।

খ) নির্ধারিত সময়সূচি অনুযায়ী উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমুহ খোলা হবে এবং পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

গ) ইজারাগ্রহীতা-কে বিধিমালা অনুযায়ী ইজারামূল্য পরিশোধ করতে হবে এবং তার পাশাপাশি ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর এবং সরকারের আরোপিত অন্যান্য কর (যদি থাকে) পরিশোধ করতে হবে।

ঘ) দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ইউপি অথবা সিটি কর্পোরেশন অথবা পৌরসভা কর্তৃক স্থায়ী বাসিন্দার সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি, হালনাগাদ ব্যাংক সচ্ছলতার সনদপত্র, ট্রেড লাইসেন্স, TIN সার্টিফিকেট, হাল সনের আয়কর সনদপত্র এবং প্রদত্ত দরের ২৫% জামানত বাবদ 'জেলা প্রশাসক, সিলেট' এর অনুকূলে যে-কোনো তফশিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অবশ্যই দাখিল করতে হবে।

ঙ) দরপত্রে/আবেদনে পরিবহনের ব্যবস্থা উল্লেখ করতে হবে।

চ) একটি পর্যায়ের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। কর্তৃপক্ষ যে-কোনো কারণ দর্শানো ব্যতীত দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

| পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | দরপত্র ফরম খোলার স্থান তারিখ ও সময় | দরপত্র প্রাপ্তি/ দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৭ম | ২৬-০৭-২০২৬ থেকে ৩০-০৭-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ৩০-০৭-২০২৬ বৃহস্পতিবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা | জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), সিলেট ৩০-০৭-২০২৬ বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকা | (১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। (২) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। (৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট। | |
| ৮ম | ২৪-০৮-২০২৬ থেকে ৩১-০৮-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ৩১-০৮-২০২৬ সোমবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা | জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), সিলেট ৩১-০৮-২০২৬ সোমবার বিকাল ৩:০০ ঘটিকা | | ৭ম পর্যায়ে অ-ইজারাকৃত বালুমহালের ক্ষেত্রে প্রযোজ্য |
| ৯ম | ২৩-০৯-২০২৬ থেকে ২৯-০৯-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ২৯-০৯-২০২৬ মঙ্গলবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা | জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), সিলেট ২৯-০৯-২০২৬ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকা | | ৭ম ও ৮ম পর্যায়ে অ-ইজারাকৃত বালুমহালের ক্ষেত্রে প্রযোজ্য |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০ম | ২৫-১০-২০২৬ থেকে ২৮-১০-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ২৮-১০-২০২৬ বুধবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা | জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), সিলেট ২৮-১০-২০২৬ বুধবার বিকাল ৩:০০ ঘটিকা | | ৭ম, ৮ম ও ৯ম পর্যায়ে অ-ইজারাকৃত বালুমহালের ক্ষেত্রে প্রযোজ্য |
| ১১শ | ২৫-১১-২০২৬ থেকে ৩০-১১-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ৩০-১১-২০২৬ সোমবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা | জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), সিলেট ৩০-১১-২০২৬ সোমবার বিকাল ৩:০০ ঘটিকা | | ৭ম, ৮ম, ৯ম ও ১০ম পর্যায়ে অ-ইজারাকৃত বালুমহালের ক্ষেত্রে প্রযোজ্য |
| ১২শ | ২৭-১২-২০২৬ থেকে ৩১-১২-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ৩১-১২-২০২৬ বৃহস্পতিবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা | জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), সিলেট ৩১-১২-২০২৬ বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকা | | ৭ম, ৮ম, ৯ম, ১০ম ও ১১শ পর্যায়ে অ-ইজারাকৃত বালুমহালের ক্ষেত্রে প্রযোজ্য |

বালুমহালসমূহের তথ্যাদি, দরপত্র ফরম ও দরপত্রের বিস্তারিত শর্তাবলি (১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, (২) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এবং (৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট হতে ছকে বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী সংগ্রহ করা যাবে। বালুমহাল দরপত্র বিজ্ঞপ্তি www.sylhet.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

<u>অন্যান্য শর্তাবলি</u>

১. প্রতিটি বালুমহালের জন্য পৃথক পৃথক দরপত্র সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপরে বালুমহালের নাম স্পষ্টভাবে লিখতে হবে।

২. দরপত্র দাতা কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট পূর্বের কোনো সময়ের ইজারা মূল্য বকেয়া থাকলে অথবা রাজস্ব সংক্রান্ত কোনো সার্টিফিকেট মামলা থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৩. দরপত্রের নির্দিষ্ট স্থানে দরপত্র দাতার স্বাক্ষর থাকতে হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র ফরমে কোনো কাটা-ছেঁড়া অথবা ঘষামাজা কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪. সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারির মাধ্যমে তাদের মধ্য হতে একজনকে নির্বাচিত করে বালুমহাল ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে।

৫. বালুমহাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা প্রদান করা হবে। ইজারাগ্রহীতা-কে দরপত্র দাখিলের পূর্বেই সরেজমিনে পরিদর্শন করে বালুমহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোনো ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. বালুমহালসমূহ সরেজমিন ১৪৩৩ বঙ্গাব্দের দখল প্রদানের তারিখ থেকে ১৪৩৩ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদান করা হবে। বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এর ৬(১৫) বিধি অনুযায়ী ইজারাগ্রহীতা, প্রাকৃতিক দুর্যোগ বা অন্য কোনো কারণে, বালু বা মাটি উত্তোলন করতে না পারলেও, কোনো অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধি বা ইজারামূল্য সমন্বয়ের কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।

৭. ইজারা দরপত্র অনুমোদন হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে বিধি মোতাবেক ইজারামূল্য, ভ্যাট, আয়কর এবং সরকারের আরোপিত অন্যান্য কর (যদি থাকে) নির্ধারিত কোডে পরিশোধ করে প্রমাণক এ কার্যালয়ে জমা প্রদান করতে হবে। অন্যথায় ইজারা কার্যাদেশ বাতিলসহ জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং মহালটি পুনরায় ইজারা প্রদান করা হবে।

৮. গৃহীত বালুমহালের ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর প্রদান করতে হবে। তাছাড়া সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কর ও পাওনাদি (যদি থাকে) পরিশোধ করতে হবে। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত/অনুমোদিত হওয়ার পর নীতিমালা মোতাবেক বালুমহালের সম্পূর্ণ ইজারা মূল্য, ভ্যাট এবং আয়কর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের সাথে সাথে নিজ দায়িত্বে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প সরবরাহ করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস থেকে বিধি মোতাবেক দখল গ্রহণ করতে হবে। অন্যথায় পরবর্তীতে দখল প্রদানের বিষয়ে কোনো প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না। বালুমহালের দখল বুঝে পাওয়ার পর সংশ্লিষ্ট সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বা সহকারী কমিশনার (ভূমি)-কে অবহিত করে ইজারা চুক্তি অনুযায়ী বালুমহাল থেকে বালু উত্তোলন করতে হবে।

৯. ইজারাগ্রহীতা কোনো অবস্থাতেই বালুমহালের কোনো অংশ বা অংশ বিশেষ কারো নিকট সাবলিজ প্রদান করতে পারবে না। উক্ত শর্তের বরখেলাপ হলে সরাসরি ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জামানতের টাকাসহ ইজারামূল্য সরকার বরাবরে বাজেয়াপ্ত হবে ও মহালটি পুনরায় ইজারা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. গ্যাস লাইন, ওয়াসা লাইন, টেলিফোন লাইন, বিদ্যুৎ লাইন ক্ষতিগ্রস্ত হলে ইজারাগ্রহীতা নিজ দায়িত্বে তা মেরামত করতে বাধ্য থাকবেন। তাছাড়া ব্রিজ, কালভার্ট, রাস্তাঘাট, ফেরিঘাট, হাটবাজার, চা-বাগান, নদীর বাঁধ, সড়ক, মহাসড়ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনার সন্নিকটবর্তী স্থান এবং পরিবেশের ভারসাম্য বিনষ্ট (যেমন-পাহাড় ধস, ভূমি ধস অথবা নদী বা খালের পানির স্রোতের গতিপথ পরিবর্তন ইত্যাদি) হয় এমন কোনো স্থান থেকে বালু উত্তোলন করা যাবে না। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত বন্যা নিয়ন্ত্রণ বাঁধের বা নদীর বাঁধের/পাড়ের/আবাসিক এলাকার কোনো ক্ষতি সাধন করা যাবে না। জীববৈচিত্র্য সংরক্ষণ ও পরিবেশ দূষণমুক্ত

রাখতে হবে। বালু উত্তোলনের সময় সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও ব্যক্তি মালিকানাধীন কোনো প্রতিষ্ঠানের স্থাপনা বা অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ইজারাদার কর্তৃক পরিবেশ বিধ্বংসী পদ্ধতিতে বালু উত্তোলন করা হলে বা পরিবেশের কোনো ক্ষতি করা হলে ইজারা তাৎক্ষণিক বাতিল করা হবে।

১১. বালু উত্তোলনে পাম্প বা ড্রেজিং বা অন্য কোনো মাধ্যমে ভূ-গর্ভস্থ বালু বা মাটি উত্তোলন করা যাবেনা। উত্তোলনকৃত বালু কোনো অবস্থাতেই নদীর তীর বা নদীতে ফেলা যাবে না। ইজারাদার কর্তৃক বালুমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি বা ক্ষতিসাধন বা জমির শ্রেণি পরিবর্তন করা যাবে না। নৌপথের অবকাঠামো পরিবর্তন করা যাবে না। পরিবেশের ভারসাম্য নষ্ট করা যাবে না।

১২. কোনো অবস্থাতেই বালু ছাড়া অন্য কিছু উত্তোলন করা যাবে না। বালু উত্তোলন করার পর LLW হতে পানির সর্বোচ্চ গভীরতা ১২.০০ ফুটের বেশি হবে না। বালু উত্তোলনকালে নৌ চলাচলের কোনো বিঘ্ন সৃষ্টি করা যাবে না এবং রাত্রিকালে বালু উত্তোলন করা যাবে না।

১৩. বালুমহাল থেকে বালু ছাড়া কোনো মাটি উত্তোলন করা যাবে না।

১৪. সরকারি বিধি বিধান এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যাবতীয় বিধি বিধান অনুসরণ করতে হবে।

১৫. বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এর ৬(১৮) বিধি অনুযায়ী ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট বালুমহালের ওপর সংশ্লিষ্ট ইজারাগ্রহীতার সব অধিকার বিলুপ্ত হবে এবং তাকে বালুমহালে থাকা তার সব স্থাপনা, যন্ত্রপাতি, যানবাহন ও স্তূপীকৃত বালু অপসারণপূর্বক নিষ্কণ্টক ও নির্দায় অবস্থায় জেলা প্রশাসক অথবা সরকারের নিকট দখল হস্তান্তর করতে হবে।

১৬. যে-সকল বালুমহালে মন্ত্রণালয়/উচ্চ আদালত/দেওয়ানি আদালত বা অন্য কোনো আদালত কর্তৃক স্থগিতাদেশ/স্থিতাবস্থা এর আদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সব বালুমহালের ইজারা স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর বিধি মোতাবেক পরবর্তী ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা হবে। এতদ্ব্যতীত কোনো বালুমহালের কোনো দাগের উপর কিংবা মহালের উপর বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা উল্লেখ না হলেও ইজারা বহির্ভূত বলে গণ্য হবে।

১৭. বালুমহাল ইজারা মেয়াদ চলাকালীন আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার কারণে ইজারাগ্রহীতা ক্ষতিগ্রস্ত হলে তার জন্য কোনো প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

১৮. ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে কার্যাদেশে উল্লিখিত সমুদয় অর্থ (ইজারামূল্য, ভ্যাট ও আয়কর) পরিশোধে ব্যর্থ হলে জামানতের অর্থ সরকার অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১৯. বালুমহাল ইজারা সম্পর্কিত যাবতীয় তথ্য এ কার্যালয়ের রাজস্ব শাখা/সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে অফিস চলাকালীন জানা যাবে।

২০. যে-কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে বাস্তবতার আলোকে বালুমহালের তফশিল হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোনো কারণ দর্শানো ছাড়া যে-কোনো সময় যে-কোনো পর্যায়ে দরখাস্ত আহ্বানকারী এ বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১. উপর্যুক্ত শর্তাবলির যে-কোনো এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২. ইজারা গ্রহীতার জামানত বাবদ দাখিলকৃত ২৫% অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ কার্যালয়ে রক্ষিত থাকবে এবং ইজারার মেয়াদ শেষ হওয়ার পর তা ফেরত দেয়া হবে। তবে ইজারা গ্রহীতা ইজারা চুক্তির কোনো শর্ত ভঙ্গ করলে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ (সংশোধন, ২০২৩) এর ১৪(১)(২) ধারা অনুযায়ী ইজারা চুক্তি বাতিলপূর্বক দরপত্রের সাথে দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩. বালুমহালসমূহ "উন্মুক্ত স্থান বা ছড়ার মধ্যস্থিত বালুমহাল হতে বালু বা মাটি উত্তোলনের ইজারা চুক্তি ফরম"(বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫-এর পরিশিষ্ট-২ এর ফরম-৩)-এর মাধ্যমে ইজারা চুক্তি সম্পাদন করে দখল হস্তান্তর করা হবে।

২৪. সাধারণ বালু উত্তোলনের বিষয়ে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ (সংশোধন, ২০২৩) ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এবং সরকার কর্তৃক সকল নির্দেশনা/বিধিবিধান মেনে চলতে হবে। বর্ণিত কোনো শর্ত ভঙ্গ করলে জেলা প্রশাসক তাৎক্ষণিক বালু উত্তোলন বন্ধ করতে পারবেন এবং জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করতে পারবেন।

<u>১৪৩৩ বঙ্গাব্দে ইজারাযোগ্য বালুমহালের তালিকা (১ম থেকে ৬ষ্ঠ পর্যায়ের সময়সূচির পর)</u>

| ক্রম | উপজেলার নাম | বালুমহালের নাম | মৌজার নাম ও জেএল নম্বর | আয়তন (একর) | ১৪৩৩ বঙ্গাব্দের সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | সিলেট সদর | বড়চর (আক্তারুয়া) | আক্তারুয়া/৫২ | ৬.২০ | ১,১১,৬৫,০০০/- | |
| ২ | | ছোটচর | চাতল/৫১ | ১৩.১১ | ১৫,৪০,০০০/- | |
| ৩ | বিয়ানীবাজার | আঙ্গুরা মোহাম্মদপুর | আঙ্গুরা মোহাম্মদপুর/৫৭ | ১.৫০ | ১,১৬,৩১,২৫০/- | |
| ৪ | কোম্পানীগঞ্জ | পিয়াইন নদী | ১। শেরপুর/১<br>২। নিজাগাঁও/৮ | ১১৫.৬৯ | ৩,২৫,০০,০০০/- | |
| ৫ | গোয়াইনঘাট | ফতেপুর বালুমহাল | ১। বগাবাড়ী/১৭৬, ২। কাটলকুড়ি/১৯৬<br>৩। পূর্ব্ব মহিষখেড়/১৭৭, ৪। বিন্নাকান্দি/১৭৮<br>৫। লংপুর/১৯৪, ৬। ফতেপুর ৪র্থ খন্ড/১৯২<br>৭। হাতিরকান্দি/১৯৫, ৮। ফতেপুর ১ম খন্ড/১৯৩ | ১৪৬.৮২ | ৭,৯১,১৮,০৪০/- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬ | গোয়াইনঘাট | ১১৭ গোয়াইন নদী চেঙ্গেরখাল | ১। সালুটিকর/১৯৯, ২। দারিকান্দি/২১৫<br>৩। চৌধুরীকান্দি/২১৬, ৪। চলিতাবাড়ী/২১৮<br>৫। আঙ্গারজুর/২০০, ৬। পূর্ব পেকেরখাল/১৪৯<br>৭। মেউয়াবিল/১৫২, ৮। লক্ষী হাওর/১৫৩<br>৯। শিয়ালা হাওর/১৫৪ | ১৯৫.১০ | ২,৮৩,১০,৩৩৪/- | |

আব্দুল্লাহ আল মামুন
২৫/৭/২০২৬
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
সিলেট
০১৭১৫-২৯৭৪০৫
dcsylhet@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১০০.০০৮.৫২.০০৮.২৫. ২৮০৯/১(১৮)

তারিখ: ১০ আষাঢ় ১৪৩৩
২৫ জুলাই ২০২৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ
৪. মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো(বিএমডি)
৫. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ
৬. জেলা প্রশাসক, সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
৭. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট
৮. পুলিশ সুপার, সিলেট
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, সিলেট
১০. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট (তাঁকে বেতার মারফত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১১. উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট (তাঁকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১২. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড/সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট
১৩. উপজেলা নির্বাহী অফিসার, ............................................(সকল), সিলেট (বিজ্ঞপ্তিটি উপজেলা প্রশাসনের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
১৪. সহকারী কমিশনার (ভূমি), ..............................................(সকল), সিলেট (বিজ্ঞপ্তিটি তার অফিসের নোটিশ বোর্ডে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৫. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
১৬. চেয়ারম্যান/প্রশাসক.......................................................................(সকল), ইউপি, সিলেট
১৭. সম্পাদক, দৈনিক.....ইত্তেফাক/জালালাবাদ.....সিলেট(বিজ্ঞপ্তিটি আপনার দৈনিক পত্রিকায় ভেতরের পাতায় সীমিত পরিসরে (single space) কেবলমাত্র ০১ (এক) দিনের জন্য জরুরি ভিত্তিতে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৮. অফিস নথি।

জেলা প্রশাসক
সিলেট
২৫/৭/২০২৬